

আগৈলঝাড়ায় বছরের প্রথম দিনে বই পাচ্ছে না ৯ হাজার শিক্ষার্থী

■ আগৈলঝাড়া (বরিশাল) প্রতিনিধি আগৈলঝাড়ায় প্রাথমিক বিদ্যালয়ের বই না পৌঁছার কারণে ৯ হাজার শিক্ষার্থী বছরের প্রথমদিনে বই পাচ্ছে না। তাদের বই না পাওয়ার মধ্য দিয়ে অনুষ্ঠিত হবে বই উৎসব। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল হক ডালুকদার জানান, ২০১৬ সালে উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে তৃতীয় শ্রেণীর ৪ হাজার ৮শ' ও পঞ্চম শ্রেণীর ৪ হাজার ২শ' সেট বই না পাওয়ায় বছর গুরু প্রথমদিনে বই উৎসবে যোগ দিতে পারবে না ৯ হাজার কোমলমতি শিক্ষার্থী।

সূত্র মতে, প্রথম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য ৪ হাজার ৮শ', দ্বিতীয় শ্রেণীর জন্য ৪ হাজার ৫৫০, তৃতীয় শ্রেণীর জন্য ৪ হাজার ৮শ', চতুর্থ শ্রেণীর জন্য ৪ হাজার ৭৫০ ও পঞ্চম শ্রেণীর জন্য ৪ হাজার ২শ'

সেট বইয়ের চাহিদা রয়েছে। এর মধ্যে ৩০ ডিসেম্বর পর্যন্ত প্রথম, দ্বিতীয় ও চতুর্থ শ্রেণীর চাহিদা অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠান বই সরবরাহ করেছে। তবে ৫৯ পশ্চিম মালিবাগের নিউ পানামা প্রিন্টার্স নামের ঠিকাদারি প্রতিষ্ঠান তৃতীয় শ্রেণীর ৪ হাজার ৮শ' ও পঞ্চম শ্রেণীর ৪ হাজার ২শ' সেটসহ মোট ৯ হাজার সেট বই তাদের সরবরাহ করতে পারেনি। ফলে, সরকারের ঘোষণা অনুযায়ী বছর গুরু প্রথমদিনে বই উৎসবে যোগ দিতে পারবে না ৯ হাজার কোমলমতি শিশু শিক্ষার্থী।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সহকারী মন্টু লাল রায় জানান, নবম শ্রেণীর ৬৫০ পিস জীববিজ্ঞান এবং পৌরনীতি ১ হাজার পিস বইসহ মোট ১ হাজার ৬৫০ পিস বই এখনও তারা হাতে পাননি।